

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০১৪.০১.০০.০০১.২০১৩-৪১৮

তারিখ : ০৬.০৪.২০১৪ খ্রিঃ

প্রেরক : হুমায়রা সুলতানা  
উপ-সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “Establishment of Shaheed Sayed Nazrul Islam Medical College and Hospital, Kishoreganj” শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরে এডিপির বরাদ্দের বিভাজন আদেশ অনুসারে জিওবি খাত হতে ৪র্থ কিস্তি বাবদ ৬৪৮.০০ লক্ষ (ছয় কোটি আটচল্লিশ লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪.০৯.২০১৩ তারিখের স্মারক নং-৪৫.১৭৪.০১৪.০১.০০.০০১. ২০১৩-৩৩৬ সংখ্যক আদেশের অনুমোদিত বিভাজন অনুযায়ী এবং পরিকল্পনা কমিশন এর কার্যক্রম বিভাগ (আর্থ-সামাজিক উইং) এর ২৩.০৩.২০১৪ তারিখের ২০.৫২২.০১২.০০.০০.০১৩.২০১৪-৩৫৮ নং স্মারকের আদেশ অনুসারে আমি এই মর্মে আদিষ্ট হয়ে “Establishment of Shaheed Sayed Nazrul Islam Medical College and Hospital, Kishoreganj” (কোড নং- ৫-২৭১১-৫০১৫) শীর্ষক প্রকল্প এর অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ৪র্থ কিস্তি বাবদ ৬৪৮.০০ লক্ষ (ছয় কোটি আটচল্লিশ লক্ষ) (রাজস্ব-৩.০০ লক্ষ+মূলধন-৬৪৫.০০ লক্ষ) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারী করা হয়েছেঃ

(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	“Establishment of Shaheed Sayed Nazrul Islam Medical College and Hospital, Kishoreganj” (কোড নং- ৫-২৭১১-৫০১৫)	অনুমোদিত	৪র্থ কিস্তি	৩.০০	৬৪৫.০০	৬৪৮.০০

তবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বৎসরের এডিপির বরাদ্দ হতে ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং-২৭০১) এর “Establishment of Shaheed Sayed Nazrul Islam Medical College and Hospital, Kishoreganj” (কোড নং- ৫-২৭১১-৫০১৫) হতে বহন করা হবে ;
- উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত) ; এবং
- এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকের অধীনে অত্র মন্ত্রণালয়/বিভাগ কে যে ক্ষমতাসম্পন্ন করা হয়েছে সেই অনুযায়ী এবং অর্থবিভাগের ০৩.০৪.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.৫৭.২০১৩-১৪০ নং স্মারকের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হল।

স্বাঃ

(হুমায়রা সুলতানা)


উপ-সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

অনুলিপি ও সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. প্রকল্প পরিচালক এবং অধ্যক্ষ “Establishment of Shaheed Sayed Nazrul Islam Medical College and Hospital, Kishoreganj” প্রকল্প, কিশোরগঞ্জ।
২. যুগ্ম-প্রধান স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ।

  
(হুমায়রা সুলতানা)\*  
উপ-সচিব